শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ

# দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

জয়নগর,চন্ডিপুর,ফুলবাড়ী,বিরামপুর, দিনাজপুর।

ISO 9001:2015 Certified

মোবাইল নং-০১৭৬৯৪০১১২৮
ই-মেইল-dpbstwo@gmail.com
ওয়েব সাইট- www pbs2.dinajpur.gov.bd

স্মারক নং-২৭.১২.২৭৩৮.৫৪৪.০২.০০৮.২৩.২০৬৩

তারিখঃ ১০ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর লক্ষ্যে প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী পুরুষ নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। পদের পার্শ্বে অন্যান্য সুবিধাসহ প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করা হলো।

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বেতন স্কেল ও অন্যান্য ভাতা | বয়স সীমা |
|---|---|---|---|---|
| ০১. | ড্রাইভার (পুরুষ) ০১টি/ (বেশি হতে পারে)। | সাবলীলভাবে বাংলা পড়া ও লেখার এবং ইংরেজী শব্দ ও সংখ্যা পড়ার জ্ঞান সম্পন্ন হতে হবে। সময়, রিপোর্ট ও সিডিউল সম্পর্কে যথেষ্ট জ্ঞান থাকতে হবে। প্রার্থীর বিআরটিএ কর্তৃক প্রদত্ত হালকা গাড়ী চালানোর হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ যানবাহন চালনা ও রক্ষণাবেক্ষণ কাজে সরকারি/আধা সরকারি/ স্বায়ত্বশাসিত/ বৃহৎশিল্প/ বাণিজ্যিক প্রতিষ্ঠান/ স্বনামধন্য ব্যক্তির গাড়ী চালনায় ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে যা ড্রাইভিং লাইসেন্স ইস্যুর তারিখ হতে গণনা করা হবে। বিগত ০৩ বছরে বড় ধরনের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে। নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত গাড়ী চালানো ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে (লিখিত পরীক্ষা হবে ছোট ধরণের ইঞ্জিন রিপিয়ারিং, টিউন আপ, সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান ইত্যাদি)। সিভিল সার্জন/ নিয়োগকারী প্রতিষ্ঠানের রিটেইনার ডাক্তার কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৬,৬০০.০০ টাকা হতে ৪১,৯৫০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | **০৭/০৬/২০২৩** খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৪৫ বছর হতে হবে। |

শর্তাবলীঃ

ক) আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণকে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েব সাইট (www.reb.gov.bd) অথবা দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (www.pbs2.dinajpur.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে পুরণ (নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা ইত্যাদি) পূর্বক শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের অনুলিপি, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে), জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/কমিশনারের নিকট থেকে নাগরিকত্ব সনদপত্র, ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত ফটোকপি এবং দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত পূর্বক খামের উপর পদের নাম উল্লেখ করে আগামী **০৭/০৬/২০২৩** খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ে জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, জয়নগর, চন্ডিপুর, ফুলবাড়ী, বিরামপুর এর বরাবরে ডাকযোগে/ কুরিয়ার সার্ভিসের মধ্যেমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। উল্লেখ্য, আবেদন ফরম A4 সাইজের কাগজে হতে হবে। সাদা কাগজে টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

খ) নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় মূল বেতনসহ পবিস কর্তৃক প্রদেয় অন্যান্য ভাতাদি প্রদান পূর্বক ০১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪, ৩০০-৫১) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামো অনুযায়ী একই পদে চাকুরীতে নিয়মিত করণ করা যেতে পারে।

গ) অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকের স্বামী/স্ত্রী অথবা রক্তের সম্পর্কীয়দের আবেদন করার প্রয়োজন নাই।

ঘ) অন-প্রবেশনকালীন সময়ে অসদাচরণ, কর্তৃপক্ষের বৈধ আদেশ অমান্যকরণ, দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, নৈতিক চরিত্রের অবক্ষয় ইত্যাদিসহ দাপ্তরিক শৃঙ্খলা পরিপন্থী কাজের প্রমাণ পাওয়া গেলে কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হবে।

ঙ) জেলা কোটার প্রাপ্যতা থাকায় **বাগেরহাট, বরগুনা, বরিশাল, ভোলা, ব্রাহ্মনবাড়ীয়া, চাঁদপুর, চাঁপাইনবাবগঞ্জ, চট্টগ্রাম, চুয়াডাঙ্গা, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, ফরিদপুর, ফেনী, গাজীপুর, গোপালগঞ্জ, হবিগঞ্জ, জামালপুর, যশোর, ঝিনাইদহ, খাগড়াছড়ি, খুলনা, কিশোরগঞ্জ, কুষ্টিয়া, লক্ষ্মীপুর, মাদারীপুর, মাগুরা, মানিকগঞ্জ, মৌলভীবাজার, মুন্সীগঞ্জ, ময়মনসিংহ, নওগাঁ, নড়াইল, নারায়ণগঞ্জ, নরসিংদী, নাটোর, , নেত্রকোণা, নোয়াখালী, পাবনা, পটুয়াখালী, পিরোজপুর, রাঙ্গামাটি, সাতক্ষীরা, শরিয়তপুর, শেরপুর, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট ও টাঙ্গাইল** জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

E:\Ripa ALL 12.06.2021\D\02.008, 02.009\Neogo Pattro\Driver 2023\Neogo Biggopti Unicode 2023.doc17

চ) বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

ছ) উক্ত পদের জন্য মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানাদিদের সরকারি নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে। তবে সেই ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান সন্তানাদি তার পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদ এর ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে প্রার্থীর সহিত মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখ পূর্বক গেজেটেড অফিসার অথবা ইউনিয়ন পরিষদের/পৌরসভার মেয়র এর প্রত্যয়ন পত্রের মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

জ) অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। নির্বাচনী (লিখিত/মৌখিক) পরীক্ষায় অংশ গ্রহণ ও সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

ঝ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিয়ে নিয়োগ প্রাপ্ত হলে পরবর্তীতে তা প্রমানিত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে চাকুরী হতে বরখাস্ত করা হবে।

ঞ) প্রার্থীকে প্রাথমিক চক্ষু পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

ট) ইতিপূর্বে কোন সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী এমন কারো আবেদন করার প্রয়োজন নাই।

ঠ) কোনরূপ তথ্য গোপন করে নিয়োগ লাভ করলে তাৎক্ষণিকভাবে চাকুরীচ্যুতি সহ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ড) এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নয়। নিয়োগ সংক্রান্ত যে কোন ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৪।৫।২৩

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যব্যবস্থা গ্রহণের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৪। পুলিশ সুপার, দিনাজপুর।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ, দিনাজপুর।
০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, দিনাজপুর।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার.............................পবিস-১/২/৩/৪।
০৯। উপজেলা নির্বাহী অফিসার........................ উপজেলা, দিনাজপুর।
১০। মেয়র, ..................................পৌরসভা, দিনাজপুর।
১১। ডিজিএম, কারিগরী/ঘোড়াঘাট/পার্বতীপুর/নবাবগঞ্জ জোনাল অফিস, দিপবিস-২।
১২। এজিএম (ওএন্ডএম), হিলি/আমবাড়ি/রানীগঞ্জ সাব-জোনাল অফিস, দিপবিস-২।
১৩। এজিএম (অর্থ-হিসাব/ইএন্ডসি/ওএন্ডএম/এমএস), দিপবিস-২।
১৪। এজিএম (আইটি), দিপবিস-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য )।
১৫। নোটিশ বোর্ড/ অফিস কপি / মাষ্টার কপি।

২৪।৫।২৩

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার।

**ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখ----------------**

# দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ "ড্রাইভার" পদে প্যানেলভুক্তি /নিয়োগ লাভের জন্য আবেদন ফরম

**( সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে )**

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা / আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং ............................................ ০৩. পদের ধরণঃ .................

০২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে )

.............................................. ..............................................
০৪. বিজ্ঞাপনের সূত্র / পত্রিকার নাম — ০৫. প্রকাশনার তারিখ

.............................................. .............................................. ..............................................
০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) — ( বড় হাতের অক্ষরে ইংরেজীতে ) — ০৭. জন্ম তারিখ ( এসএসসি পরীক্ষার সনদ / নিবন্ধন অনুযায়ী)

.............................................. ........./........./........... (দিন/মাস/বছর)
০৮. মাতার নাম — ০৯. বয়স (০৭/০৬/২০২৩ খ্রিঃ তারিখে )

.............................................. ..............................................
১০. পিতার নাম — ১১. ধর্ম

.............................................. ..............................................
১২. জাতীয়তা — ১৩. নিজ জেলা

..............................................
১৪. টেলিফোন / মুঠো ফোন নম্বর — ১৫. বৈবাহিক অবস্থা (টিক (✓) দিন) [ ] বিবাহিত [ ] অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (✓) দিন):

[ ] মহিলা [ ] মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা [ ] মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা [ ] এতিম ও শারীরিক প্রতিবন্ধি

[ ] উপজাতি [ ] আনসার ও গ্রাম প্রতিরক্ষা [ ] অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

.............................. .............................. .............................. ..............................
ক. গ্রাম/সড়ক/বাড়ী — খ. ডাকঘর — গ. উপজেলা / থানা — ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশপত্র / নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

.............................. .............................. .............................. ..............................
ক. গ্রাম/সড়ক/বাড়ী — খ. ডাকঘর — গ. উপজেলা / থানা — ঘ. জেলা

.............................................. .............................................. ..............................
১৯. ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার নম্বর — ২০. ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এর মূল্য — ২১. ইস্যুর তারিখ

মোঃ আশরাফুল ইসলাম
এজিএম (প্রশাসন)
দিনাজপুর পবিস-২

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ / বিভাগ / শ্রেণী | | সার্টিফিকেট / ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী/ গ্রেড | |
| ............. শ্রেণী | | | | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর / পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

| নাম, পদবী / পেশা, ঠিকানা, টেলিফোন / মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে ):

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে। | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/ পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ০২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদ সমূহ প্রদর্শন করতে বাধ্য থাকবো।

..................................
তারিখ

..................................
আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

24.05.23
মোঃ আশিরাফুল ইসলাম
এজিএম (প্রশাসন)
দিনাজপুর পবিস-২

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।

# প্রবেশ পত্র

## লিখিত (এমসিকিউ) / লিখিত (রচনামূলক) / মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

( অফিস কর্তৃক পূরণীয় )

প্রার্থীর রোল নম্বর : ..................................................................

পরীক্ষার তারিখ : ..................................................................

পরীক্ষার সময় : ..................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম : ..................................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা : ..................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষরঃ ........................................

(প্রার্থী / আবেদনকারী কর্তৃক পূরণীয় )

**পদের নামঃ ড্রাইভার**

প্রার্থীর নাম ..................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশ পত্র পেতে ইচ্ছুক ........................................

..................................................................

..................................................................

..................................................................

..................................................................

..................................................................

Ahsrafl
24.05.23

মোঃ আশরাফুল ইসলাম
এজিএম (প্রশাসন)
দিনাজপুর পবিস-২

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে ষ্ট্যাপলার পিন

## প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

০১। পরীক্ষার দিন অবশ্যই প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০:০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বই পত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫। চাকুরীর আবেদন পত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তর পত্র এবং অন্যান্য কাগজ পত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজন বোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

---

24.05.23
মোঃ আশরাফুল ইসলাম
এজিএম (প্রশাসন)
দিনাজপুর পবিস-২